দৈনিক আমাদের সময়

তারিখ - 22 JUN 2017
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

# অবসর ও কল্যাণ ফান্ডে ২০০ কোটি টাকা বরাদ্দ : শিক্ষামন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ ভাতার জন্য নতুন বাজেটে ২০০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

গতকাল জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশনের ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা জানান। মন্ত্রী জানান, বর্তমান সরকারের আমলে বরাদ্দ অনেক বাড়ানো হয়েছে।